গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
আইন শাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়ন সংক্রান্ত ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কে এম আবদুল ওয়াদুদ অতিরিক্ত সচিব
সভার তারিখ	০৮ আগস্ট ২০২৩
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-১০৪, ভবন নং-৪), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (আইন) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি বলেন যে প্রতিবছরের ন্যায় এ বছরও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার জন্য এ কর্মপরিকল্পনা বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরেও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত ইনোভেশন টিমের ১ম সভা আহবান করা হয়েছে। উপসচিব (আইন) আরও জানান যে বিগত সভা গত ১২-০৬-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছিল। তিনি বিগত সভার সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করেন এবং কোনরূপ সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।


সভাপতি সভায় জানান, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন (প্রমাণকসহ) যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ২০২২-২০২৩ এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সফল বাস্তবায়নে স্বত:স্ফূর্ত সহযোগিতা করার জন্য সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং চলতি বছরেও সকল সদস্যের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি এর ইনোভেশন টিমের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি কর্তৃক প্রেরিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এর ওপর ফিডব্যাক প্রদান করা হয় এবং ভুল-ত্রুটি সংশোধনপূর্বক পুনরায় প্রেরণের জন্য উপস্থিত কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ আলোচ্যসূচি অনুযায়ী আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

১।	সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন।	সেবা সহজিকরণ বা ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারনা গ্রহণের জন্য মন্ত্রণালয়, অধিদপ্তর, সিপিপি ও মাঠ পর্যায়ের ডিআরআরও ও পিআইও সমন্বয়ে এবং মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই-এর সহযোগিতায় একটি কর্মশালা আয়োজনের বিষয়ে সকল সদস্য মতামত ব্যক্ত করেন। কর্মশালায় মন্ত্রণালয় ও অধিদপ্তরের সকল কার্যক্রম একটি প্ল্যাটফর্মের মাধ্যমে পরিচালনা করার জন্য একটি ইআরপি সফট্ওয়্যার তৈরির বিষয়ে সকলে একমত পোষণ করেন। এ বিষয়ে ইতিপূর্বে বাস্তবায়িত প্রতিষ্ঠানকে অভিজ্ঞতা শেয়ার করার জন্য আমন্ত্রণ জানানোর বিষয়ে আলোচনা হয়। এছাড়া মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা হতে উদ্ভাবনী ধারনা দেয়ার জন্য পত্র দিয়ে জানানোর বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত প্রকাশ করেন।	(ক) আগামী সেপ্টেম্বর মাসে সচিব মহোদয়ের সুবিধামত সময়ে বিয়াম ফাউন্ডেশনে মন্ত্রণালয়ের ইআরপি সফট্ওয়্যার তৈরির সম্ভাব্যতা যাচাই ও একটি আইডিয়া জেনারেশন কর্মশালা অনুষ্ঠিত হবে। (খ) উদ্ভাবনী আইডিয়া প্রদানের জন্য মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাকে পত্র প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম। উপসচিব (আইন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
২।	ইত:পূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা।	মন্ত্রণালয়, অধিদপ্তর ও সিপিপি কর্তৃক ইত:পূর্বে বাস্তবায়িত সকল সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা অব্যাহতভাবে চালু রাখার বিষয়ে আলোচনা হয়। সকল সদস্য সেবাসমূহ চালু রাখার জন্য নিয়মিত বিরতিতে সেবাসমূহের চলমান অবস্থা মূল্যায়ন করে প্রয়োজনে ভেন্ডরের সাথে যোগাযোগ করার বিষয়ে মতামত প্রদান করেন।	সেবাসমূহ মূল্যায়নের জন্য মন্ত্রণালয় আওতাধীন দপ্তর/সংস্থা পর্যায়ে ইনোভেশন টিমের সদস্য সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে।	১। উপসচিব (আইন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। ২। সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার, মন্ত্রণালয়/অধিদপ্তর
৩।	ইনোভেশন শোকেজিং	মন্ত্রণালয়, অধিদপ্তর, সিপিপি ও মাঠ পর্যায়ের অফিস কর্তৃক এ বছরে যেসব উদ্ভানী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করা হবে তার মধ্যে নির্বাচিত উদ্যোগ নিয়ে মন্ত্রণালয় পর্যায়ে একটি শোকেজিং এর আয়োজন এর বিষয়ে আলোচনা হয়। অধিদপ্তর ও সিপিপিকে বিশেষভাবে অনুরোধ করা হয় শোকেজিং এ মানসম্মত ও উপস্থাপনযোগ্য প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য।	২০২৪ সনের এপ্রিল মাসের শেষ সপ্তাহে মন্ত্রণালয়, অধিদপ্তর ও সিপিপি কর্তৃক বাস্তবায়িত ও নির্বাচিত উদ্ভাবনী উদ্যোগ নিয়ে মন্ত্রণালয় পর্যায়ে ইনোভেশন শোকেজিং আয়োজন করা হবে।	ইনোভেশন টিম, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

৪।	ই-নথির ব্যবহার বৃদ্ধি	বিগত ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনায় ই-নথির ব্যবহার বৃদ্ধি আশানুরূপ না হওয়ায় উক্ত কার্যক্রমে মন্ত্রণালয় কোন নম্বর পায়নি। ই-নথিতে নোট নিষ্পত্তির হার বাড়ানোর জন্য এবছর বিশেষভাবে মনিটরিং এর বিষয়ে আলোচনা হয়।	ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য এবং তা ৯০% শতাংশে উন্নীত করার জন্য সকল শাখাকে নিবিড়ভাবে মনিটরিং করতে হবে।	সকল উইং প্রধান/ সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৫।	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজন ও কর্মপরিকল্পনা প্রণয়ন	কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ মোতাবেক এ অর্থবছরে স্মার্ট বাংলাদেশ বিষয়ক ৪টি কর্মশালা ও ১টি কর্মপরিকল্পনা প্রণয়নের বাধ্যবাধকতা রয়েছে। সে প্রেক্ষিতে আগামী ডিসেম্বর ২০২৩ এর মধ্যে ২টি ও জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২৪ এর মধ্যে ২টি কর্মশালা ও কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় সকলে সহমত পোষণ করেন।	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালায় মন্ত্রণালয়, অধিদপ্তর, সিপিপি ও মাঠ পর্যায়ের কর্মকর্তা সমন্বয়ে আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৬।	আওতাধীন দপ্তর/সংস্থার তথ্যবাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এ মন্ত্রণালয়কে আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণের নির্দেশনা রয়েছে এবং এ কার্যক্রমে ২ নম্বর রাখা হয়েছে। অধিদপ্তর ও সিপিপির তথ্য বাতায়ন ১০০% হালনাগাদ নিশ্চিত হলেই মন্ত্রণালয় উক্ত নম্বর অর্জন করবে।	অধিদপ্তর ও সিপিপিকে প্রতি ত্রৈমাসিকে তথ্য বাতায়ন হালনাগাদকরে ত্রৈমাসিকের শেষ কর্মদিবসে আবশ্যিকভাবে তথ্য বাতায়নের প্রতিটি লিংক ও সেবা বক্সের স্ক্রীনশটসহ যথাসময়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	১। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। ২। ইনোভেশন টিম, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর/সিপিপি।
৭।	দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন অনুষ্ঠান	দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়। এ বছর সেপ্টেম্বর/অক্টোবর এর মধ্যে একটি পরিদর্শন আয়োজনের পক্ষে সকলে একমত পোষণ করেন। তবে যেহেতু এ বছর পরিদর্শনের আলোকে লার্নিং সেশন আয়োজনের আবশ্যকতা রয়েছে. সেহেতু পরিদর্শন শেষে সুবিধামত সময়ে মন্ত্রণালয়ে লার্নিং সেশন আয়োজনের পক্ষে উপস্থিত সকলে মতামত ব্যক্ত করে।	পরিদর্শন শেষে পরিদর্শনের আলোকে মন্ত্রণালয়ে একটি লার্নিং সেশন আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কে এম আবদুল ওয়াদুদ
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫১.০০.০০০০.১২০.১৬.০০৫.২৩.১৮৯

তারিখ: ৮ ভাদ্র ১৪৩০
২৩ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২) অতিরিক্ত সচিব (সমন্বয় ও সংসদ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) অতিরিক্ত সচিব (পরিকল্পনা-উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) যুগ্মসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) পরিচালক, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), মগবাজার, ঢাকা।

৬) উপসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮) সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি ইনোভেশন সেবাবক্সে আপলোডের অনুরোধসহ)।

৯) অতিরিক্ত সচিব (আইন ও ত্রাণ প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মুনিরা সুলতানা
উপসচিব